**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**রাজস্ব ভবন**
**সেগুনবাগিচা, ঢাকা**
**www.nbr.gov.bd**

# ২০১৭-১৮ অর্থ বছরের বাজেটে প্রস্তাবিত আয়কর খাতের উল্লেখযোগ্য সংস্কার

## আইনী সংস্কার

### ■ ব্যক্তি করদাতা এবং কোম্পানি ব্যতীত অন্যান্য শ্রেণির করদাতার জন্য করমুক্ত সীমা ও করহার

- প্রতিবন্ধী ব্যক্তি করদাতার করমুক্ত আয়ের সীমা ৩ লক্ষ ৭৫ হাজার টাকা হতে ৪ লক্ষ টাকায় বৃদ্ধি;
- অন্যান্য শ্রেণির করদাতার জন্য করমুক্ত আয়ের বিদ্যমান সীমা অপরিবর্তিত রাখা;
- করহারের বিদ্যমান ধাপসমূহ এবং এলাকা ভিত্তিক ন্যূনতম করের বিদ্যমান হার অপরিবর্তিত রাখা।

### ■ কোম্পানি করহার

কোম্পানি করদাতার আয়করের বিদ্যমান হার অপরিবর্তিত রাখা।

## সমতা ও ন্যায্যতা: সারচার্জ

- ব্যক্তি-করদাতার নীট পরিসম্পদের প্রদর্শিত মূল্যের ভিত্তিতে আরোপিত সারচার্জের বিদ্যমান হার অপরিবর্তিত রাখা;
- সিগারেট, বিড়ি, জর্দা, গুলসহ সকল প্রকার তামাকজাত পণ্য প্রস্তুতকারী করদাতার উক্ত ব্যবসায় হতে অর্জিত আয়ের উপর ২.৫% হারে সারচার্জ আরোপ।

[আয়কর হার ও সারচার্জের হারের জন্য পরিশিষ্ট অংশ দ্রষ্টব্য]

## প্রবৃদ্ধি ও ব্যবসায় সহায়তা এবং ব্যবসা পরিচালনা সহজীকরণ

- নীটওয়্যার ও ওভেন গার্মেন্টস উৎপাদন ও রপ্তানিতে নিয়োজিত করদাতার উক্ত পণ্য রপ্তানি হতে উদ্ভূত আয়ের উপর প্রযোজ্য কর হার ১৫ শতাংশ নির্ধারণ;

- যে সকল কোম্পানি করদাতার রিটার্ন দাখিলের বর্তমান সময়সীমা ১৫ জুলাই সে সকল কোম্পানী করদাতার জন্য এ সময়সীমা বর্ধিত করে ১৫ সেপ্টেম্বর করা।

- তথ্য-প্রযুক্তির ৮টি নতুন খাতকে কর অব্যাহতি সুবিধার আওতায় আনা:

    1. Software or application customization;
    2. Website development;
    3. Website hosting;
    4. Digital data analytics;
    5. Software test lab services;
    6. Overseas medical transcription;
    7. Robotics process outsourcing;
    8. Cyber security services.

- Alternative Investment Fund এর আয়কে কর অব্যাহতি প্রদান। তবে উক্ত ফান্ড এর আয় যখন বন্টিত হবে তখন তা লভ্যাংশ হিসেবে বিবেচিত ও করযোগ্য হবে।

- বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন এর আয়কে ৫ বছরের জন্য ১০০% কর অব্যাহতি প্রদান।

## সামাজিক দায়িত্ব

- সরকার কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা ভাতা, দু:স্থ ভাতা বা অনুরূপ কল্যাণ ভাতা এবং বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট হতে প্রাপ্ত সম্মানীর উপর কর অব্যাহতি প্রদান;

- সকল জাতীয় পদক/ পুরস্কারের অর্থ ও সুবিধাকে কর অব্যাহতি প্রদান;

- অবচয় পরিগণনার ক্ষেত্রে ব্যবসায় প্রতিষ্ঠানের কর্মী বা শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের যাতায়াতে ব্যবহৃত বাস বা মিনিবাসের ক্রয়মূল্যের উর্ধ্বসীমা প্রযোজ্য না হওয়া;

- Elderly care home পরিচালনা হতে অর্জিত আয়কে কর অব্যাহতি প্রদান।

## পরিবেশ

- পরিবেশ দূষণরোধ ও প্রতিবেশগত ভারসাম্য বজায় রাখার স্বার্থে এবারের করনীতিতে পরিবেশ সংরক্ষণের বিষয়টি সম্পৃক্ত করা হয়েছে। এ বিবেচনায় তৈরি পোশাক খাতের যে সকল কোম্পানি-করদাতার কারখানার আন্তর্জাতিকভাবে স্বীকৃত green building certification থাকবে সে সকল কোম্পানির করহার ১৪ শতাংশে হ্রাসকরণ।

## আন্তর্জাতিক সর্বোত্তম চর্চা

- কর ব্যবস্থাপনাকে ডিজিটাল করার লক্ষ্যে-

  (ক) অনলাইনে রিটার্ন, আপীল আবেদন, বিকল্প বিরোধ নিষ্পত্তির আবেদনসহ বিবিধ আবেদন গ্রহণ;

  (খ) সিস্টেম জেনারেটেড আদেশ, নোটিশ, সনদ ইত্যাদি ইস্যু;

  (গ) করদাতার হিসাব, বিবরণী, দলিল, উপাত্ত ইত্যাদি ইলেকট্রনিক বিন্যাসে বা ইলেকট্রনিক মিডিয়াতে কর বিভাগের নিকট দাখিলের বিধান প্রবর্তন।

## সহজীকরণ, স্পষ্টীকরণ ও পরিপালন

- ব্যক্তিশ্রেণির করদাতার কর পরিপালন আরো সহজ করার লক্ষ্যে ২৫ লক্ষ টাকার অধিক গ্রস সম্পদ রয়েছে এরূপ করদাতার জন্য সম্পদ বিবরণী দাখিল ঐচ্ছিক করা । তবে করদাতা মোটর গাড়ির মালিক হলে বা সিটি কর্পোরেশন এলাকায় এপার্টমেন্ট বা গৃহ-সম্পত্তি ক্রয়ে তার কোন বিনিয়োগ থাকলে সম্পদ বিবরণী দাখিল করতে হবে।
- কর অডিট পদ্ধতি আরো সহজ, স্বচ্ছ ও যুগোপযোগী করা;
- ব্যবসা বা পেশার নির্বাহি (executive) বা ব্যবস্থাপনা (management) পদে নিয়োজিত বেতনভোগী কর্মীর জন্য রিটার্ন দাখিল বাধ্যতামূলক করা;
- কর নিবন্ধনের আওতা সম্প্রসারণ করা;
- কয়েকটি ক্ষেত্রে উৎস করের হার পুনর্বিন্যাস ও প্রায়োগিক অস্পষ্টতা দূরীকরণ;
- পুনউন্মোচিত কর মামলা নিষ্পত্তির প্রক্রিয়া আরো সহজ, স্বচ্ছ ও যুগোপযোগী করা এবং প্রায়োগিক অস্পষ্টতা দূরীকরণ।

## কর ব্যবস্থাপনার সংস্কার

- প্রশাসনিক সংস্কার:

  বিগত বাজেটে তিনটি ক্ষেত্রে প্রশাসনিক সংস্কারের প্রস্তাব করা হয়েছিল, যা ২০১৮ সালের জুন মাসের মধ্যে বাস্তবায়িত হবে-

  (১) (ক) উৎস কর খাতের ব্যবস্থাপনা উন্নয়নের জন্য কেন্দ্রীয় উৎস কর ইউনিট প্রতিষ্ঠা;

  (খ) ইলেক্ট্রনিক উৎস কর ব্যবস্থা প্রচলন;

  (গ) কেন্দ্রীয় উৎস কর ইউনিটের অধীনে উপযুক্ত সংখ্যক উৎস কর মনিটরিং অঞ্চল গঠন;

  (২) আধুনিক ও প্রযুক্তিমুখী কর তথ্য ইউনিট গঠন যা দেশের অন্যান্য সিস্টেমের সাথে আন্তঃসংযুক্ত থেকে স্বয়ংক্রিয়ভাবে কর তথ্য লাভ করবে এবং কর ফাঁকি উদঘাটন ও করদাতা চিহ্নিতকরণে কাজ করবে;

  (৩) আন্তর্জাতিক কর ফাঁকি রোধ এবং বিদেশে পাচারকৃত অর্থ ও তার উপর প্রযোজ্য কর পুনরুদ্ধারে আন্তর্জাতিক কর ব্যবস্থাপনার একটি উপযুক্ত প্রশাসনিক কাঠামো সৃজন।

- যশোর ও কুষ্টিয়ায় দুটি নতুন কর অঞ্চল স্থাপন;
- আরো ১০৩টি উপজেলায় আয়করের সার্কেল অফিস প্রতিষ্ঠা।

# পরিশিষ্ট

## ব্যক্তি করদাতা এবং কোম্পানী ব্যতীত অন্যান্য করদাতার করহার

| | |
|---|---|
| **(ক) করমুক্ত আয়ের সীমা:** | |
| **করদাতা** | **করমুক্ত আয়ের সীমা** (টাকায়) |
| সাধারণ করদাতা | ২ লক্ষ ৫০ হাজার |
| মহিলা ও ৬৫ বছর বা তদূর্ধ্ব বয়সের করদাতা | ৩ লক্ষ |
| প্রতিবন্ধী ব্যক্তি করদাতা | ৪ লক্ষ |
| গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা করদাতা | ৪ লক্ষ ২৫ হাজার |
| **(খ) সাধারণ করহার:** | |
| **মোট আয়** | **করহার** |
| প্রথম ২ লক্ষ ৫০ হাজার টাকা পর্যন্ত মোট আয়ের উপর - | শূন্য |
| পরবর্তী ৪ লক্ষ টাকা পর্যন্ত মোট আয়ের উপর - | ১০ শতাংশ |
| পরবর্তী ৫ লক্ষ টাকা পর্যন্ত মোট আয়ের উপর - | ১৫ শতাংশ |
| পরবর্তী ৬ লক্ষ টাকা পর্যন্ত মোট আয়ের উপর - | ২০ শতাংশ |
| পরবর্তী ৩০ লক্ষ টাকা পর্যন্ত মোট আয়ের উপর- | ২৫ শতাংশ |
| অবশিষ্ট মোট আয়ের উপর - | ৩০ শতাংশ |
| **(গ) বিশেষ করহার:** | |
| সিগারেট,বিড়ি, জর্দা, গুলসহ সকল প্রকার তামাকজাত পণ্য প্রস্তুতকারী ব্যবসা হতে অর্জিত আয় | ৪৫ শতাংশ |
| বাংলাদেশে অনিবাসী (অনিবাসী বাংলাদেশী ব্যতীত) এরূপ ব্যক্তি শ্রেণিভুক্ত করদাতার অর্জিত আয় | ৩০ শতাংশ |
| নিবন্ধিত সমবায় সমিতির অর্জিত আয় | ১৫ শতাংশ |

কোন প্রতিবন্ধী ব্যক্তির পিতামাতা বা আইনানুগ অভিভাবকের জন্য করমুক্ত সীমা ২৫,০০০/- টাকা বেশী হবে।

## এলাকাভিত্তিক ন্যূনতম কর

| এলাকার বিবরণ | ন্যূনতম কর |
|---|---|
| ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত করদাতা | ৫,০০০/- |
| অন্যান্য সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত করদাতা | ৪,০০০/- |
| সিটি কর্পোরেশন ব্যতীত অন্যান্য এলাকায় অবস্থিত করদাতা | ৩,০০০/- |

## কোম্পানি করদাতার করহার

| বিবরণ | প্রস্তাবিত হার |
|---|---|
| **পাবলিকলি ট্রেডেড কোম্পানি** | ২৫ শতাংশ |
| **নন-পাবলিকলি ট্রেডেড কোম্পানি** | ৩৫ শতাংশ |
| **পাবলিকলি ট্রেডেড-ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান (মার্চেন্ট ব্যাংক ব্যতীত)/ সরকার কর্তৃক ২০১৩ সালে অনুমোদিত ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান** | ৪০ শতাংশ |
| **নন-পাবলিকলি ট্রেডেড-ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান** | ৪২.৫ শতাংশ |
| **মার্চেন্ট ব্যাংক** | ৩৭.৫ শতাংশ |
| **সিগারেট, বিড়ি, জর্দা, গুলসহ সকল প্রকার তামাকজাত পণ্য প্রস্তুতকারী কোম্পানি** | ৪৫ শতাংশ |
| **মোবাইল ফোন:**<br>**পাবলিকলি ট্রেডেড কোম্পানি**<br>**নন-পাবলিকলি ট্রেডেড কোম্পানি** | <br>৪০ শতাংশ<br>৪৫ শতাংশ |
| **লভ্যাংশ আয়** | ২০ শতাংশ |

## ব্যক্তি করদাতার সারচার্জ

| নীট পরিসম্পদের মূল্যমান | সারচার্জ (আয়করের শতকরা হারে) |
|---|---|
| (ক) দুই কোটি পঁচিশ লক্ষ টাকা পর্যন্ত- | শূন্য |
| (খ) দুই কোটি পঁচিশ লক্ষ টাকার অধিক কিন্তু পাঁচ কোটি টাকার অধিক নয়- | ১০ শতাংশ |
| (গ) পাঁচ কোটি টাকার অধিক কিন্তু দশ কোটি টাকার অধিক নয়- | ১৫ শতাংশ |
| (ঘ) দশ কোটি টাকার অধিক কিন্তু পনের কোটি টাকার অধিক নয়- | ২০ শতাংশ |
| (ঙ) পনের কোটি টাকার অধিক কিন্তু বিশ কোটি টাকার অধিক নয়- | ২৫ শতাংশ |
| (চ) বিশ কোটি টাকার অধিক যে কোন অংকের উপর- | ৩০ শতাংশ |

নীট পরিসম্পদের মূল্যমান ২ কোটি ২৫ লক্ষ টাকা অতিক্রম করলে ন্যূনতম সারচার্জের পরিমাণ ৩ হাজার টাকা বহাল রাখা।

## তামাকজাত পণ্য প্রস্তুত ব্যবসায় হতে অর্জিত আয়ের উপর সারচার্জ

সিগারেট, বিড়ি, জর্দা, গুলসহ সকল প্রকার তামাকজাত পণ্য প্রস্তুতকারক করদাতার উক্ত ব্যবসায় হতে অর্জিত আয়ের উপর ২.৫% হারে সারচার্জ আরোপ।

করনীতি উইং

১ জুন ২০১৭